

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
আইসিটি সেল



জানুয়ারি / ২০২০ মাসের ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ তৌফিকুল আরিফ যুগ্ম-সচিব
সভার তারিখ	১৬/০১/২০১৯ খ্রি.
সভার সময়	বিকাল ২.৩০ ঘটিকা
স্থান	সম্মেলন কক্ষ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
উপস্থিতি	পরিশিষ্ট "ক"

সভাপতি মহোদয় উপস্থিত কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি জানান যে, ইনোভেশন কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে প্রতিনিয়ত তা অবলোকনসহ বাস্তবায়ন পরিকল্পনা গ্রহণ অপরিহার্য। ইনোভেশন কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ প্রিন্ট করে ইনোভেশন টিমের সকল সদস্য তা স্ব স্ব ডেস্কে রাখবেন এবং যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে আলোচনা / উদ্যোগ গ্রহণ করবেন। ইনোভেশন কর্মপরিকল্পনা বাস্তবায়ন শেষে তার প্রমানক যথাযথভাবে সংরক্ষণ করে রাখতে হবে যাতে প্রয়োজনে তা পাওয়া যায়।

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার ইনোভেশন টিম কর্তৃক নিয়মিতভাবে ইনোভেশন সভা করার বিষয়ে আলোচনা হয় এবং মার্চ পযায়ে চলমান ইনোভেশন প্রকল্প সমূহ ইনোভেশন টিমসহ বিভিন্ন পযায়ের কর্মকর্তাগণ তা পরিদর্শন সম্পর্কিত বিশদ আলোচনা হয়। এছাড়া ইনোভেশন প্রকল্পের কার্যক্রমসমূহ যথাযথভাবে সম্পাদিত হচ্ছে কিনা সে বিষয়ে নিশ্চিত হওয়ার বিষয়টি সভায় উপস্থাপিত হয়।

যে সকল উদ্ভাবনী প্রকল্পের জন্য টাকা বরাদ্দ করা হবে তার একটি অনুলিপি মন্ত্রণালয়ে প্রেরণ করে অবগত করার জন্য জানানো হয়। ইনোভেশন খাতের টাকা শুধুমাত্র ইনোভেশন সংক্রান্ত কর্মকান্ডেই ব্যয় করবে আলোচনা হয়। ইনোভেশন সংক্রান্ত কার্যক্রম ও বরাদ্দকৃত অর্থ বছরের শেষে খরচ না করে যতদ্রুত সম্ভব আগেই সকল কার্যক্রম সম্পন্ন করার বিষয়ে আলোচনা হয়।

চলমান উদ্ভাবনী প্রকল্পসমূহের মধ্যে যেগুলো রিপ্লিকেশন হয়েছে সে সকল প্রকল্পের সুবিধাভোগীদের তথ্য চিত্র ও প্রতিবেদন মাসিক ভিত্তিতে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

মুজিব বর্ষ উপলক্ষ্যে সভাপতি উদ্ভাবনী প্রকল্প গ্রহণ করার জন্য ইনোভেশন কমিটির মাধ্যমে উদ্ভাবকদের আহ্বান জানান এবং এ সংক্রান্ত ব্যয় উদ্ভাবনী খাত থেকে নির্বাহ করা যাবে।


আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের সিটিজেন চার্টার অনুসরণ করে সেবা সহজীকরণ প্রশিক্ষণ দ্রুত সম্পাদন করার বিষয়ে তাগিদ দেওয়া হয়। ইনোভেশন সংক্রান্ত ২দিন প্রশিক্ষণ মৎস্য অধিদপ্তর, বিএফআরআই, বিএফডিসি, মেরিন ফিশারিজ একাডেমি যৌথভাবে করতে পারে এবং অন্যদিকে প্রাণিসম্পদ অধিদপ্তর, বিএলআরআই এবং বিভিন্ন যৌথভাবে করতে পারে। ১ দিনের ওয়ার্কশপ মন্ত্রণালয় হতে কেন্দ্রীয়ভাবে করার পরিকল্পনা গ্রহণ করা হবে মর্মে সভাপতি জানান।

নলেজ শেয়ারিং এর ক্ষেত্রে মৎস্য ও প্রাণিসম্পদ ক্ষেত্রসমূহের আলাদা আলাদাভাবে এজেন্ডাসমূহ ও উত্তমচর্চাসমূহ একীভূত করে এবং মৎস্য অধিদপ্তর ও প্রাণিসম্পদ অধিদপ্তর মন্ত্রণালয়কে অবহিতপূর্বক নলেজ শেয়ারিং প্রোগ্রাম করার বিষয়ে আলোচনা হয়। নলেজ শেয়ারিং প্রোগ্রামে সেবার সাথে সম্পৃক্ত স্টেক হোল্ডারদেও রাখার বিষয়ে আলোচনা হয়।

সিদ্ধান্তঃ

- (১) ফেব্রুয়ারি - ২০২০ এর মধ্যে সকল দপ্তর সংস্থা ২ দিনের সেবা সহজীকরণ প্রশিক্ষণ সম্পন্ন করবে।
- (২) মার্চ - ২০২০ এর মধ্যে ২ দিনের ইনোভেশন প্রশিক্ষণ সম্পন্ন করতে হবে।
- (৩) আলোচনা মোতাবেক মৎস্য অধিদপ্তর ও প্রাণিসম্পদ অধিদপ্তর যথাক্রমে মৎস্য ও প্রাণিসম্পদক্ষেত্রে নলেজ শেয়ারিং প্রোগ্রাম আয়োজন করবে।
- (৪) ১ দিনের ওয়ার্কশপ মন্ত্রণালয় হতে কেন্দ্রীয়ভাবে আয়োজন করতে হবে।
- (৫) অধিদপ্তর / সংস্থাসমূহ সে সকল ইনোভেশন প্রকল্পের জন্য আর্থিক সহায়তা দেবে তা মন্ত্রণালয়কে অবহিত করবে।
- (৬) দপ্তর / সংস্থাসমূহ বার্ষিক ইনোভেশন কর্মপরিকল্পনা যথাযথভাবে এবং যথাসময়ে বাস্তবায়ন করবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ তৌফিকুল আরিফ
যুগ্ম-সচিব

স্মারক নম্বর: ৩৩.০০.০০০০.১৫২.২০.০১১.১৮.২৫

তারিখ: ২০ মাঘ ১৪২৬
০৩ ফেব্রুয়ারি ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) চেয়ারম্যান, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন
- ২) যুগ্ম-সচিব, ব্লু-ইকোনমি অনুবিভাগ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
- ৩) উপপরিচালক, মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর
- ৪) মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর
- ৫) মহাপরিচালক (চলতি দায়িত্ব), মহাপরিচালকের দপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর
- ৬) মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ৭) মহাপরিচালক, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট
- ৮) অধ্যক্ষ, মেরিন ফিশারিজ একাডেমি
- ৯) উপ-সচিব, মৎস্য-১ অধিশাখা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
- ১০) উপপ্রধান, পরিকল্পনা অধিশাখা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
- ১১) উপসচিব, প্রাণিসম্পদ-২ অধিশাখা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
- ১২) রেজিষ্ট্রার, , বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল, ৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা-১০০০।
- ১৩) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
- ১৪) প্রোগ্রামার, আইসিটি সেল, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

Ilias

মোঃ ইলিয়াস হোসেন
সিস্টেম এনালিস্ট